

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।  
[www.fisheries.sylhetdiv.gov.bd](http://www.fisheries.sylhetdiv.gov.bd)

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এর দপ্তরে ২য় ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: মো: আনোয়ার হোসেন, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ।

তারিখ ও সময়: ১০/১০/২০২৩, সকাল: ০৯.০০ ঘটিকা

সভার স্থানঃ উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ সংযুক্ত (পরিশিষ্ট 'ক')।

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এবং শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভাপতি মো: আনোয়ার হোসেন এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সিনিয়র সহকারী পরিচালক আল-মিনান নূর ও কার্যালয়ের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট, আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ অর্থ বছরের কর্ম-পরিকল্পনায় যেসকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সেসকল বিষয়ে বর্ণনা করেন। সভাপতি মহোদয় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, প্রণয়নের যে নির্দেশনা রয়েছেন তার শতভাগ অনুসরণ করে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে হবে। তিনি আরও বলেন, কার্যক্রম সম্পাদনের পর যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণ করতে হবে।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

১।	দপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) অগ্রগতি প্রতিবেদন মৎস্য অধিদপ্তরে প্রেরণসহ ওয়েবসাইটে দৃশ্যমান করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	পরিকল্পনায় ১.৩নং এর অন্তর্ভুক্ত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন নিশ্চিত করতে হবে।
৩।	অফিস ভবন ও তার চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন ও কর্ম-পরিবেশ উন্নয়ন করতে হবে। এছাড়া মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আনোয়ার হোসেন

উপপরিচালক

ও

সভাপতি

শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি